

■ সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১১৩

৬/ বিবাহ (النِكَاح)

পরিচ্ছেদঃ ১২৬. যে ব্যক্তি মাহর নির্ধারণ ব্যতীত বিবাহ করে মৃত্যুবরণ করে।

بَابِ فِيمَنْ تَزَوَّجَ وَلَمْ يُسَمِّ صَدَاقًا حَتَّى مَاتَ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ فَارِسٍ الْذَّهْلِيُّ، وَمُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، وَعُمَرُ بْنُ الْخَطَابِ، -
 قَالَ مُحَمَّدٌ - حَدَّثَنَا أَبُو الْأَصْبَغِ الْجَزَرِيُّ عَبْدُ الْعَزِيزِ بْنُ يَحْيَى، أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ،
 عَنْ أَبِي عَبْدِ الرَّحِيمِ، خَالِدِ بْنِ أَبِي يَزِيدَ عَنْ زَيْدِ بْنِ أَبِي أُنْيَسَةَ، عَنْ يَزِيدِ بْنِ أَبِي حَبِيبٍ،
 عَنْ مَرْثَدِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِرَجُلٍ "
 أَتَرْضَى أَنْ أُزَوِّجَكَ فُلَانَةً" . قَالَ نَعَمْ . وَقَالَ لِلْمَرْأَةِ "أَتَرْضِينَ أَنْ أُزَوِّجَكَ فُلَانَةً" . قَالَتْ
 نَعَمْ . فَزَوَّجَ أَحَدُهُمَا صَاحِبَهُ فَدَخَلَ بِهَا الرَّجُلُ وَلَمْ يَفْرِضْ لَهَا صَدَاقًا وَلَمْ يُعْطِهَا شَيْئًا
 وَكَانَ مِنْ شَهِدِ الْحُدَيْبِيَّةِ وَكَانَ مِنْ شَهِدِ الْحُدَيْبِيَّةِ لَهُ سَهْمٌ بِخَيْرٍ فَلَمَّا حَضَرَتِهُ الْوَفَاءُ
 قَالَ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ زَوْجِنِي فُلَانَةً وَلَمْ أَفْرِضْ لَهَا صَدَاقًا وَلَمْ
 أُعْطِهَا شَيْئًا وَإِنِّي أُشَهِّدُكُمْ أَنِّي أَعْطَيْتُهَا مِنْ صَدَاقِهَا سَهْمِيَّ بِخَيْرٍ فَأَخَذَتْ سَهْمًا فَبَاعَتْهُ
 بِمِائَةِ أَلْفٍ . قَالَ أَبُو دَاؤِدَ وَزَادَ عُمَرُ بْنُ الْخَطَابِ - وَحَدِيثُهُ أَتَمْ - فِي أَوَّلِ الْحَدِيثِ قَالَ
 رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "خَيْرُ النِّكَاحِ أَيْسَرُهُ" . وَقَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى
 اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِلرَّجُلِ ثُمَّ سَاقَ مَعْنَاهُ . قَالَ أَبُو دَاؤِدَ يُخَافُ أَنْ يَكُونَ هَذَا الْحَدِيثُ مُلْزَقًا
 لِأَنَّ الْأَمْرَ عَلَى غَيْرِ هَذَا .

বাংলা

২১১৩. মুহাম্মদ ইবন ইয়াহুয়া ইবন ফারিস যাহলী উকবা ইবন আমের (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জনৈক ব্যক্তিকে বলেন, আমি তোমার সাথে অমুক মহিলাকে বিবাহ দিতে চাই, তুমি কী এতে রায় আছ? সে বলে হ্যাঁ। তিনি তাদের মধ্যে বিবাহ সম্পন্ন করে দেন। এরপর সে ব্যক্তি সে মহিলার সাথে সহবাস করে এবং তার জন্য কোন মাহর ধার্য করেনি। আর তাকে নগদ কিছু (মাহর বাদে)

প্রদানও করে নাই। আর ইনি সে ব্যক্তি ছিলেন, যিনি হৃদায়বিয়াতে উপস্থিত ছিলেন এবং এদের জন্য খায়বার বিজয়ের (যুদ্ধলক্ষ) সম্পদের অংশও ছিল।

এরপর এই ব্যক্তির মৃত্যুর সময় হলে সে বলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অমুক মহিলার সাথে আমার বিবাহ দেন এবং তার জন্য কোন মাহর ধার্য করেননি। আর আমিও তাকে কিছু প্রদান করিনি। এখন আমি আপনাদের সম্মুখে এরূপ সাক্ষ্য দিচ্ছি যে, আমি আমার অংশে খায়বার যুদ্ধে প্রাপ্ত গণীয়তর মাল তাকে প্রদান করেছি। এরপর সে মহিলা তার অংশ গ্রহণ করে এবং তা এক হাজার দিরহামে বিক্রয় করে।

ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, প্রথম হাদীসে উমার (রাঃ) অতিরিক্ত বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন যে, উত্তম বিবাহ তা-ই যা সহজে সম্পন্ন হয়। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঐ ব্যক্তিকে বলেন, এরপর পূর্বোক্ত হাদীসের অর্থে হাদীস বর্ণিত হয়েছে।

ইমাম আবু দাউদ (রহঃ) আরো বলেন, আমার আশংকা এই যে, সম্ভবত এই হাদীসটি অতিরিক্ত সংযোজিত। কেননা ব্যাপারটি ছিল ব্যতিক্রমধর্মী। (অর্থাৎ লোকটি তার মৃত্যুশয্যায় তার স্ত্রীকে নির্ধারিত মাহরের চাইতে অধিক প্রদানের জন্য এরূপ করে।)

English

Narrated Uqbah ibn Amir:

The Prophet (ﷺ) said to a man: Would you like me to marry you to so-and-so?

He said: Yes. He also said to the woman: Would you like me to marry you to so-and-so?

She said: Yes. He then married one to the other. The man had sexual intercourse with her, but he did not fix any dower for her, nor did he give anything to her. He was one of those who participated in the expedition to al-Hudaybiyyah. One part of the expedition to al-Hudaybiyyah had a share in Khaybar.

When he was nearing his death, he said: The Messenger of Allah (ﷺ) married me to so-and-so, and I did not fix a dower for her, nor did I give anything to her. I call upon you as witness that I have given my share in Khaybar as her dower. So she took the share and sold it for one lakh (of dirhams).

Abu Dawud said: The version of 'Umar b. al-Khattab added in the beginning of this tradition, and his version is more perfect. He reported the Messenger of Allah (ﷺ) as saying: The best marriage is the one that is most easy. The Messenger of Allah (ﷺ) said to the man. The narrator then transmitted the rest of the tradition to the same effect.

Abu Dawud said: I am afraid this tradition has been added later on, for the matter is otherwise.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=34221>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন